

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة – الفصل الثاني

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ عَوْفٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ الدِّينَ لِيَأْرِزُ إِلَى الْحِجَازِ كَمَا تَأْرِزُ الْحَيَّةُ إِلَى جُحْرِهَا وَلَيَعْقِلَنَّ الدِّينُ مِنْ الْحِجَازِ مَعْقَلَ الْأَرْوَى مِنْ رَأْسِ الْجَبَلِ إِنَّ الدِّينَ بَدَأَ غَرِيبًا وَسَيَعُودُ كَمَا بَدَأَ فَطُوبَى لِلْغُرَبَاءِ وَهُمُ الَّذِينَ يُصْلِحُونَ مَا أَفْسَدَ النَّاسُ مِنْ بَعْدِي مِنْ سُنْتِي». رَوَاهُ التَّرْمِذِيُّ

বাংলা

১৭০-[৩১] 'আমর ইবনু 'আওফ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিঃসন্দেহে দীন (ইসলাম) হিজায়ের (সউদী 'আরবের) দিকে এমনভাবে ফিরে আসবে যেভাবে সাপ (পরিশেষে) তার গর্তের দিকে ফিরে আসে এবং দীন হিজায়েই আশ্রয় নিবে যেভাবে পার্বত্য মেষ পর্বত-শিখরে আশ্রয় নিয়ে থাকে। দীন নিঃসঙ্গ প্রবাসীর (গরীবীর) ন্যায় যাত্রা শুরু করেছে, আবার তা ফিরে আসবে যেভাবে যাত্রা শুরু করেছিল। অতএব অপরিচিতের জন্য সুসংবাদ রয়েছে, তারা ঐসব লোক যারা আমার পর লোকেদের দ্বারা নষ্ট করা সুন্নাতকে পুনঃ জারী করে। (তিরমিয়ী)[1]

ফুটনোট

[1] সানাদটি খুবই দুর্বল : তিরমিয়ী ২৬৩০। কারণ এর সানাদে কাসীর ইবনু 'আবদুল্লাহ ইবনু 'আমর রয়েছেন যিনি দুর্বল রাবী। হাদীসের এ সানাদটি একেবারেই ভিত্তিহীন যদিও ইমাম তিরমিয়ী (রহঃ) তাঁর জামি' আত্ তিরমিয়ীর ২/১০৫ নং এ একে হাসান সহীহ বলেছেন। কারণ এর সানাদে কাসীর ইবনু 'আবদুল্লাহ ইবনু 'আমর নামক একজন মিথ্যক রাবী রয়েছে। তবে হাদীসটির অধিকাংশই অন্যান্য সানাদে প্রমাণিত।

১ম অংশ তথা ইনَّ الدِّينَ إِلَى جُحْرِهَا বুখারী মুসলিমে রয়েছে।

৩য় অংশ তথা ইনَّ الدِّينَ بَدَأَ فَطُوبَى لِلْغُরَبَاءِ وَهُمُ الَّذِينَ مুসলিমে রয়েছে। আর অংশটুকু ইমাম খাত্বাবী

ও আহমাদ (রহঃ) এক স্থানে দুর্বল সানাদে বর্ণনা করলেও মুসনাদে আহমাদ-এর অন্যান্য স্থানে তা সহীহ সানাদে প্রমাণিত রয়েছে।

কিন্তু ২য় অংশ তথা **وَلِيَعْقِلَنَّ الدِّينُ مِنَ الْحِجَارِ** সম্পর্কে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ আমি এ অংশটুকুর কোন শাহিদ বর্ণনা পাইনি।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ইতিপূর্বে ১৬০ নং হাদীসে বলা হয়েছে ইসলাম সবশেষে মদীনায় গিয়ে আশ্রয় নিবে। আর এখানে বলা হলো যে, হিজায়ে আশ্রয় নিবে। এ দু'টোর সমন্বয় হচ্ছে প্রথম হিজায়ে, অতঃপর মদীনায় আশ্রয় গ্রহণ করবে।

এখানে হাদীসের ভাবার্থ এই যে, শেষ যামানায় যখন ফিতনাহ ফাসাদ প্রকাশ পাবে এবং কুফরী ও যুলম-অত্যাচার মুসলিম দেশগুলোতে প্রাধান্য বিস্তার করবে তখন দীন হিজায়ে গিয়ে আশ্রয় নিবে।

হাদিসের মান: সহিহ/ঘষ্টক [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54729>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন